দৈনিক ইত্তেফাক
31
তারিখ 30 DEC 1998
পৃষ্ঠা ১৬ কলাম ৮

# ইসলামী ভার্সিটিতে বন্দুক যুদ্ধ ॥ একই পরিবারের ১০ জন গুলীবিদ্ধ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল (মঙ্গলবার) ইসলামী বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকায় ছাত্রলীগ এবং ছাত্র শিবিরের মধ্যে এক ভয়াবহ বন্দুকযুদ্ধে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীসহ ১০ জন গুলীবিদ্ধ হইয়াছে। আশংকাজনক অবস্থায় বিশ্ববিদ্যালয়ের কর্মচারী আবু তালেব ও শিবিরকর্মী বকুলকে ঝিনাইদহ হাসপাতালে এবং ছয়জন গ্রামবাসী আব্দুল মান্নান, মনোহর মন্ডল, লোকমান মন্ডল, সোহরাব মন্ডল, হান্নান মন্ডল, বিসারদ মন্ডলকে কুষ্টিয়া সদর হাসপাতালে ভর্তি করা হইয়াছে। সংঘর্ষে আরও ১০/১৫ জন আহত হইয়াছে। রাত সাড়ে ৯টায় এই রিপোর্ট লেখা পর্যন্ত সংঘর্ষ অব্যাহত ছিল।

গতকাল বিকাল ৪টায় ক্যাম্পাস সংলগ্ন শেখপাড়া এলাকায় ছাত্রলীগ ও শিবিরের দুইটি গ্রুপ মুখোমুখি হইলে ধাওয়া পাল্টা-ধাওয়া এবং কিছু সময় পর ভয়াবহ আকারে গোলাগুলী শুরু হয়। একপর্যায়ে শিবিরকর্মীরা আশ্রয় নিয়াছে এরূপ সন্দেহে ছাত্রলীগ কর্মীরা বিশ্ববিদ্যালয়ের কর্মচারী আবু তালেব মন্ডলের বাড়িতে বেপরোয়া গুলীবর্ষণ করিলে একই পরিবারের ৮/১০ জন গুলীবিদ্ধ হয়। ৪/৫ ঘন্টা ধরিয়া বিক্ষিপ্তভাবে সংঘর্ষ চলাকালে বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী এলাকা রীতিমত রণক্ষেত্রে পরিণত হয়। গ্রামবাসীরা আতংকগ্রস্ত অবস্থায় অসহায়ভাবে চিৎকার করিতে থাকে। এলাকায় পুলিশ প্রহরা কম থাকায় সংঘর্ষ ব্যাপক বিস্তার লাভ করে।

(১৫শ পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## ইসলামী ভার্সিটিতে

(শেষ পৃষ্ঠার পর)

রাত ৯টায় এসকল এলাকায় পুলিশ উপস্থিত হইলে পরিস্থিতি শান্ত হইতে থাকে। তবে উভয় দলের সশস্ত্র অবস্থান এবং মহড়া চলিতেছে। আহতদের সঠিক সংখ্যা ও নাম পাওয়া যায় নাই। রাতভর ভয়াবহ সংঘর্ষ চলার আশংকা রহিয়াছে।

উল্লেখ্য, গত ২০ ডিসেম্বর এই দুই দলের বন্দুকযুদ্ধের পর উভয়দলের সশস্ত্র নেতা-কর্মীরা ক্যাম্পাসের পার্শ্ববর্তী এলাকায় ব্যাপক অস্ত্রের মহড়া অব্যাহত রাখার কারণেই এই রক্তক্ষয়ী সহিংস ঘটনা ঘটিয়াছে।